



নং-প্রকা/আরএমডি-৩০/অংশ-৭/২০১৬-২০১৭/১১০২(১২৫০)

তারিখঃ ১৪-০২-২০১৭

- ২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় : তফসিলি ব্যাংকসমূহের জন্য "Uniform Account Opening Form
ও KYC Profile Form" জারীকরণ প্রসংগে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ১৬-০১-২০১৭ তারিখের বিএফআইইউ সার্কুলার লেটার নং-০১/২০১৭ এর প্রতি দৃষ্টি অর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উক্ত পত্রের মাধ্যমে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ ও এ সংক্রান্ত ঝুঁকি মোকাবেলায় সর্বশেষ ২৮ ডিসেম্বর, ২০১৪ তারিখের বিএফআইইউ সার্কুলার নং-১০ এর মাধ্যমে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংকের জন্য জারীকৃত "Uniform Account Opening Form ও KYC Profile Form" বিভিন্ন আইনগত সংশোধন ও আন্তর্জাতিক মানদণ্ডের পরিবর্তনের সূত্রে হালনাগাদকরণের অবশ্যকতা বিবেচিত হওয়ায় বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক কর্তৃক তা হালনাগাদকরণ জারী করা হয়েছে।

০৩। সংযুক্ত পত্র মোতাবেক জারীকৃত "Uniform Account Opening Form ও KYC Profile Form" সকল ব্যাংক কর্তৃক ০১/০৪/২০১৭ তারিখের মধ্যে অবশ্যই প্রচলন করতে হবে এবং নতুন মুদ্রিত ফরমের এক সেট ও এ সম্পর্কে গৃহীত ব্যবস্থাদি আগামী ১০-০৪-২০১৭ তারিখের মধ্যে, বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকাকে অবহিত করার পরামর্শ দেয়া হয়েছে।

০৪। মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৫(১)(ক) ধারা মোতাবেক গ্রাহকের সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণের দায়িত্ব ব্যাংকসমূহকে যথাযথভাবে পালন করতে হবে। সে লক্ষ্যে বিএফআইইউ এর পত্রের সংগে সংযুক্ত ফরমসমূহ হিসাব খোলার সময় নিম্নোক্তভাবে ব্যবহার করতে হবে।


| ব্যক্তিক হিসাব | অ-ব্যক্তিক হিসাব |
|--|--|
| ১. হিসাব খোলার আবেদন ফরম (ব্যক্তিক হিসাব) | ১. হিসাব খোলার আবেদন ফরম (অ-ব্যক্তিক হিসাব) |
| ২. হিসাব খোলার ফরম : ব্যক্তি সংক্রান্ত তথ্যাবলী (উপযুক্ত সংখ্যক) | ২. হিসাব খোলার ফরম : ব্যক্তি সংক্রান্ত তথ্যাবলী (উপযুক্ত সংখ্যক) |
| ৩. সন্ধ্যা লেনদেনের অনুমিত মাত্রা (Transaction Profile) | ৩. সন্ধ্যা লেনদেনের অনুমিত মাত্রা (Transaction Profile) |
| ৪. গ্রাহক পরিচিতি সম্পর্কিত ফরম (KYC Profile Form) | ৪. গ্রাহক পরিচিতি সম্পর্কিত ফরম (KYC Profile Form) |

০৫। এছাড়া বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ৩০-০১-২০১৭ তারিখের বিএফআইইউ সার্কুলার লেটার নং-০৩/২০১৭ এর প্রতি দৃষ্টি অর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)। উক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী "Uniform Account Opening Form ও KYC Profile Form" এর ১০ এবং ১৫ নং পৃষ্ঠার পদটীকায় প্রদত্ত 'গণ্যমান্য ব্যক্তির'-র সংজ্ঞা প্রতিস্থাপিত করে ফরম মুদ্রণ করতে হবে।

০৬। এমতাবস্থায়, বিএফআইইউ কর্তৃক সরবরাহকৃত "Uniform Account Opening Form ও KYC Profile Form" স্থানীয় মুখ্য কার্যালয়ের জন্য স্থানীয় মুখ্য কার্যালয় এবং অঞ্চলাধীন সকল শাখায় (কর্পোরেট শাখাসহ) সরবরাহের জন্য মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ উক্ত ফরম মুদ্রণ করবেন। নতুন ফরমে ০১-০৪-২০১৭ তারিখ হতে হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য স্থানীয় মুখ্য কার্যালয়, সকল কর্পোরেট শাখা ও সকল শাখা ব্যবস্থাপকগণকে পরামর্শ দেয়া হলো। উল্লেখ্য, উক্ত ফরম মুদ্রণ করতঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগকে অবহিত করার জন্য স্থানীয় মুখ্য কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তঃ বর্ণনামোতাবেক।

আপনার বিশ্বস্ত,



(ড. মোঃ শাহজাহান)

মহাব্যবস্থাপক আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ এবং
প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

তারিখঃ ১৪-০২-২০১৭

নং-প্রকা/আরএমডি-৩০/অংশ-৭/২০১৬-২০১৭/১১০২(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
- ৮। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
- ১১। নথি/মহানথি।

(রওনক সাদ ফেরদৌসী)

উপ-মহাব্যবস্থাপক ও

উপ-প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা(DCAMLCO)

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

ওয়েবসাইট : www.bb.org.bd

বিএফআইইউ সার্কুলার লেটার নং- ০১/২০১৭

তারিখ : ০৩ মাঘ, ১৪২৩
১৬ জানুয়ারি, ২০১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**তফসিলি ব্যাংকসমূহের জন্য "Uniform Account Opening Form
ও KYC Profile Form" জারীকরণ প্রসঙ্গে।**

- ১। মানিল্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ ও এ সংক্রান্ত ঝুঁকি মোকবেলায় গত ৩০ জুন, ২০০৮ তারিখের পত্র নং-এএমএলডি-১ (পলিসি)/২০০৮-২৩২৪ এবং পরবর্তীতে ২৮ ডিসেম্বর, ২০১৪ তারিখের বিএফআইইউ সার্কুলার নং-১০ এর মাধ্যমে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংকের জন্য জারীকৃত "Uniform Account Opening Form ও KYC Profile Form" বিভিন্ন আইনগত সংশোধন ও আন্তর্জাতিক মানদণ্ডের পরিবর্তনের সূত্রে হালনাগাদকরণের আবশ্যিকতা বিবেচিত হওয়ায় তা হালনাগাদকরণের মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩ (১)(ঘ) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জারী করা হলো।
- ২। জারীকৃত "Uniform Account Opening Form ও KYC Profile Form" সকল ব্যাংক কর্তৃক ০১ এপ্রিল, ২০১৭ তারিখের মধ্যে অবশ্যই প্রচলন করতে হবে এবং নতুনভাবে মুদ্রিত ফরমের এক সেট এ ইউনিটে দাখিল করতে হবে।
- ৩। মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৫(১)(ক) ধারা মোতাবেক গ্রাহকের সঠিক এবং পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণের দায়িত্ব ব্যাংকসমূহকে যথাযথভাবে পালন করতে হবে।
- ৪। হিসাব খোলার সময় নিম্নোক্তভাবে ফরমসমূহ ব্যবহার করতে হবে :


| ব্যক্তিক হিসাব | অ-ব্যক্তিক হিসাব |
|--|--|
| ১. হিসাব খোলার আবেদন ফরম (ব্যক্তিক হিসাব) | ১. হিসাব খোলার আবেদন ফরম (অ-ব্যক্তিক হিসাব) |
| ২. হিসাব খোলার ফরম : ব্যক্তি সংক্রান্ত তথ্যাবলী (উপযুক্ত সংখ্যক) | ২. হিসাব খোলার ফরম : ব্যক্তি সংক্রান্ত তথ্যাবলী (উপযুক্ত সংখ্যক) |
| ৩. সম্ভাব্য লেনদেনের অনুমিত মাত্রা (Transaction Profile) | ৩. সম্ভাব্য লেনদেনের অনুমিত মাত্রা (Transaction Profile) |
| ৪. গ্রাহক পরিচিতি সম্পর্কিত ফরম (KYC Profile Form) | ৪. গ্রাহক পরিচিতি সম্পর্কিত ফরম (KYC Profile Form) |

- ৫। অভিন্ন হিসাব খোলার ফরমের তথ্যাদি সকল ব্যাংকের হিসাব খোলার ফরমে অবশ্যই থাকতে হবে, তবে কোন ব্যাংক প্রয়োজনে অতিরিক্ত তথ্যাদি সংযোজন করতে পারবে।
- ৬। ফরম বাংলায় বা ইংরেজীতে বা উভয় ভাষায় মুদ্রণ করা যাবে, তবে ফরমে উল্লিখিত আবশ্যিক ক্ষেত্রসমূহে বাংলা ও ইংরেজী উভয় ভাষাতেই তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।
- ৭। সকল ব্যাংক তাদের হিসাব সংশ্লিষ্ট শর্তসমূহ নিজস্ব নিয়মানুসারে ফরমের সাথে সংযুক্ত করবে।
- ৮। শরিয়াহ ভিত্তিক ব্যাংকসমূহ জারীকৃত ফরমে ব্যবহৃত টার্মের পরিবর্তে প্রচলিত ও সামঞ্জস্যপূর্ণ ইসলামী টার্ম ব্যবহার করতে পারবে।

- ৯। হিসাব খোলার আবেদন ফরমে ও অন্যান্য সংশ্লিষ্ট ফরমে সংগৃহীত তথ্যাদি গ্রাহক পরিচিতি সম্পর্কিত ফরম (KYC Profile Form) এর অংশ হিসেবে বিবেচিত হবে।
- ১০। ব্যক্তিক হিসাবের ক্ষেত্রে হিসাব খোলার ফরমের সাথে সংযুক্ত পরিশিষ্ট-১(ক) এ বেনিফিশিয়াল ওনারের স্বাক্ষর সংগ্রহের বিষয়টি ঐচ্ছিক হিসেবে বিবেচিত হবে, তবে এক্ষেত্রে ব্যাংক কর্তৃক বেনিফিশিয়াল ওনার চিহ্নিতকরণপূর্বক ব্যক্তি সংক্রান্ত তথ্যাবলী সংগ্রহ করতে হবে।

এ বিষয়ে গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে আগামী ১০/০৪/২০১৭ তারিখের মধ্যে এ ইউনিটকে অবহিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,



(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক ও অপারেশনাল হেড

ফোন : ৯৫৩০১১৮

সংযোজনীঃ ৩৩ পৃষ্ঠা।

প্রতিলিপি নং-বিএফআইইউ(পলিসি)-০৪/২০১৭-১৭

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সকল নির্বাহী পরিচালক, মতিঝিল/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বগুড়া/রংপুর/বরিশাল।
২. প্রিন্সিপাল, বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি, মিরপুর-২, ঢাকা।
৩. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, সদরঘাট, ঢাকা/ময়মনসিংহ।
৫. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ ইন্সটিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
৯. মহাসচিব, দি ইন্সটিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
১০. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১১. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ লিমিটেড, ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।



(মোঃ ফেরদৌস কবির)

উপ পরিচালক

ফোনঃ ৯৫৩০০১০-৭৫/২৪৫৫

ই-মেইল- mf.kabir@bb.org.bd

..... ব্যাংক/ব্যাংক লিঃ
..... শাখা

হিসাব খোলার আবেদন ফরম
ব্যক্তিক হিসাব

তারিখঃ.....

ব্যবস্থাপক

-----ব্যাংক/ব্যাংক লিঃ

----- শাখা।

হিসাব নম্বরঃ

ইউনিক কাস্টমার আইডি কোডঃ

(ব্যাংকের ব্যবহারের জন্য)

প্রিয় মহোদয়,

আমি/আমরা আপনার শাখায় একটি হিসাব খোলার জন্য আবেদন করছি। আমার/আমাদের হিসাব সংক্রান্ত ও ব্যক্তিগত বিস্তারিত তথ্য নিম্নে প্রদান করছি :

১। হিসাবের নাম : (বাংলায়)

In English (Block Letter)

২। হিসাবের প্রকৃতি (টিক দিন): সঞ্চয়ী চলতি এসএনডি এফসি আরএফসিডি এনএফসিডি

অন্যান্য

৩। মুদ্রা (টিক দিন): টাকা ডলার ইউরো পাউন্ড অন্যান্য.....

৪। হিসাব পরিচালনা সংক্রান্ত ঘোষণা (টিক দিন): এককভাবে যৌথভাবে যে কোন একজন অথবা জীবিতজন

অন্যান্য

৫। হিসাব খোলার উদ্দেশ্য :

৬। গ্রাহকের অন্য কোন ব্যাংকে হিসাব আছে কি (টিক দিন)? হ্যাঁ না

(উত্তর হ্যাঁ হলে নিম্নরূপে বিবৃত করুন)

ব্যাংক ও শাখার নাম

পরিচালিত হিসাবের প্রকৃতি (টিক দিন)

(ক)

জমা হিসাব

ঋণ হিসাব

(খ)

জমা হিসাব

ঋণ হিসাব

(গ)

জমা হিসাব

ঋণ হিসাব

(ঘ)

জমা হিসাব

ঋণ হিসাব

(ঙ)

জমা হিসাব

ঋণ হিসাব

৭। ব্যক্তি সংক্রান্ত তথ্যাবলী : (পরিশিষ্ট-১ (ক) এ সংযুক্ত ব্যক্তি সংক্রান্ত তথ্যাবলী ফরম পূরণ করতে হবে।)

..... ব্যাংক / ব্যাংক লিঃ

.....শাখা

হিসাব খোলার আবেদন ফরম

অ-ব্যক্তিক হিসাব

তারিখঃ.....

ব্যবস্থাপক

-----ব্যাংক/ব্যাংক লিঃ

----- শাখা।

হিসাব নম্বরঃ

ইউনিক কাস্টমার আইডি কোডঃ

(ব্যাংকের ব্যবহারের জন্য)

প্রিয় মহোদয়,

আমি/আমরা আপনার শাখায় একটি হিসাব খোলার জন্য আবেদন করছি। আমার/আমাদের, প্রতিষ্ঠানের এবং হিসাবের বিস্তারিত তথ্য নিম্নে প্রদান করছিঃ

১। হিসাবের নাম : (বাংলায়).....

In English (Block Letter)

২। প্রতিষ্ঠানের ধরণ (টিক দিন)ঃ একক মালিকানা অংশীদারী যৌথ উদ্যোগ প্রাইভেট লিঃ কোম্পানি

পাবলিক লিঃ কোম্পানি সরকারী আধা সরকারী/স্বায়ত্তশাসিত ট্রাস্ট এনজিও/এনপিও

ক্লাব/সোসাইটি শিক্ষা প্রতিষ্ঠান ধর্মীয় প্রতিষ্ঠান

অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করুন).....

৩। হিসাবের প্রকৃতি (টিক দিন)ঃ সঞ্চয়ী চলতি এসএনডি এফসি অন্যান্য.....

৪। মুদ্রা (টিক দিন)ঃ টাকা ডলার ইউরো পাউন্ড অন্যান্য.....

৫। হিসাব খোলার উদ্দেশ্য :

৬। প্রতিষ্ঠানের ঠিকানা :

(ক) নিবন্ধনকৃত ঠিকানা :.....

(খ) ব্যবসাস্থল/অফিসের ঠিকানা :.....

(গ) কারখানা/শিল্প প্রতিষ্ঠানের ঠিকানা :.....

৭। ট্রেড লাইসেন্স নম্বর : তারিখ :

ইস্যুকারী কর্তৃপক্ষ :.....

৮। নিবন্ধন নম্বর :..... তারিখ :

৯। নিবন্ধন কর্তৃপক্ষ ও দেশ :.....

(দেশী /বিদেশী উভয় ধরণের জন্য)

১০। ইলেকট্রনিক-ট্যাক্স আইডি (E-TIN) নম্বর :.....

১১। ভ্যাট রেজিঃ নম্বর/BIN (যদি থাকে)

১২। ব্যবসা সংক্রান্ত তথ্য :

(ক) ব্যবসার ধরণ : ট্রেডিং সেবা উৎপাদন

(খ) পণ্য বা সেবার ধরণঃ

(গ) ব্যবসায় নিয়োজিত মোট জনবল(স্থায়ী এবং অস্থায়ী) :.....

(ঘ) বার্ষিক টার্নওভারঃ

(ঙ) প্রতিষ্ঠানের নিট সম্পদ.....

(চ) অন্যান্য তথ্য (প্রয়োজ্য ক্ষেত্রে) :.....

১৩। গ্রাহকের অন্য কোন ব্যাংক হিসাব আছে কি? হ্যাঁ না

(উত্তর হ্যাঁ হলে নিম্নরূপ বিবৃত করুন)

| <u>ব্যাংক ও শাখার নাম</u> | <u>পরিচালিত হিসাবের প্রকৃতি (টিক দিন)</u> | |
|---------------------------|---|-----------------------------------|
| (ক) | <input type="checkbox"/> জমা হিসাব | <input type="checkbox"/> ঋণ হিসাব |
| (খ) | <input type="checkbox"/> জমা হিসাব | <input type="checkbox"/> ঋণ হিসাব |
| (গ) | <input type="checkbox"/> জমা হিসাব | <input type="checkbox"/> ঋণ হিসাব |
| (ঘ) | <input type="checkbox"/> জমা হিসাব | <input type="checkbox"/> ঋণ হিসাব |
| (ঙ) | <input type="checkbox"/> জমা হিসাব | <input type="checkbox"/> ঋণ হিসাব |

১৪। পরিচয়দানকারীর তথ্য : (সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত/স্টক মার্কেটে লিস্টেড কোম্পানি ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানের হিসাব খোলার ক্ষেত্রে)

(ক) নাম :.....

(খ) হিসাবের নাম :.....

(গ) হিসাব নং :.....

(ঘ) শাখার নাম :.....

(ঙ) যোগাযোগ মাধ্যম : ফোন নংমোবাইল নং

(চ) স্বাক্ষর (তারিখসহ) :

(ছ) গ্রাহক/ হিসাব পরিচালনাকারী (গণ) এর সাথে পরিচিতির সূত্র/সম্পর্ক

পরিচয়দানকারীর তথ্য প্রত্যয়নকারী সংশ্লিষ্ট ব্যাংক শাখার কর্মকর্তার নাম ও স্বাক্ষর (সিল ও তারিখসহ) :.....

১৫। প্রাথমিক জমার পরিমাণ :.....

১৬। সম্ভাব্য লেনদেনের অনুমিত মাত্রা (Transaction Profile) সংক্রান্ত তথ্যাবলী : পরিশিষ্ট-৩ এ সংযুক্ত TP সংক্রান্ত তথ্যাবলী ফরম পূরণ করতে হবে।

১৭। অর্থের উৎস/উৎসসমূহ : (নির্দিষ্ট ও বিস্তারিত উল্লেখ করতে হবে).....

১৮। হিসাব পরিচালনাকারী সংক্রান্ত ঘোষণা ও স্বাক্ষরঃ

আমি/আমরা এই মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, আমি/আমরা হিসাব সংক্রান্ত যাবতীয় নিয়মাবলী/শর্তাবলী পড়েছি এবং উক্ত নিয়মাবলী/শর্তাবলী মেনে চলতে বাধ্য থাকব। আমি/আমরা সজ্ঞানে ঘোষণা করছি যে, উপরোল্লিখিত তথ্যাদি সত্য। আমি/আমরা প্রদত্ত তথ্যের অতিরিক্ত সংশ্লিষ্ট যে কোন প্রয়োজনীয় তথ্য/দলিলাদি ব্যাংকের চাহিদা মোতাবেক সরবরাহ করব।

আবেদনকারী/আবেদনকারীগণের স্বাক্ষর, নাম, পদবী ও তারিখ

| | | | | |
|----------|----------|----------|----------|----------|
| ১। | ২। | ৩। | ৪। | ৫। |
| | | | | |
| | | | | |
| | | | | |

ব্যাংকের ব্যবহারের জন্য

মন্তব্য :

.....
.....

.....
হিসাব খোলার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তার
নামযুক্ত সিলসহ স্বাক্ষর ও তারিখ

.....
অনুমোদনকারী কর্মকর্তার (শাখা ব্যবস্থাপক)
নামযুক্ত সিলসহ স্বাক্ষর ও তারিখ

..... ব্যাংক / ব্যাংক লিঃ

.....শাখা

হিসাব খোলার আবেদন ফরম

ব্যক্তিক ও অ-ব্যক্তিক হিসাব

(এফ.ডি.আর. ও বিশেষ স্কিম এর ক্ষেত্রে প্রযোজ্য)

তারিখঃ.....

ব্যবস্থাপক

-----ব্যাংক/ব্যাংক লিঃ

----- শাখা ।

প্রিয় মহোদয়,

আমি/আমরা আপনার শাখায় একটি হিসাব খোলার জন্য আবেদন করছি। আমার/আমাদের, প্রতিষ্ঠানের এবং হিসাবের বিস্তারিত তথ্য নিম্নে প্রদান করছিঃ

১। হিসাবের নাম :

(বাংলায়).....

In English (Block Letter)

২। এফ.ডি.আর. সংক্রান্ত তথ্যঃ পরিমাণঃ.....মুদ্রা :.....

মেয়াদকাল : _____ বছর _____ মাস _____ দিন । মেয়াদপূর্তির তারিখঃ.....

সুদ/মুনাফার হারঃ

নবায়নের ক্ষেত্রে : আসল এবং সুদ/মুনাফা নবায়ন করণ

শুধুমাত্র আসল নবায়ন করণ, সুদ/মুনাফানম্বর হিসাবে জমা করণ

প্রযোজ্য নহে।

৩। বিশেষ স্কিম সংক্রান্ত তথ্যঃ

স্কিমের নামঃ.....

স্কিমের মেয়াদঃ..... এককালীন জমা/ কিস্তির পরিমাণঃ কিস্তির সংখ্যা (বার্ষিক) :.....

মেয়াদান্তে প্রদেয়ঃ..... মাসিক প্রদেয়ঃ.....

৪। হিসাব পরিচালনা সংক্রান্ত ঘোষণা (টিক দিন)ঃ এককভাবে যৌথভাবে যে কোন একজন অথবা

জীবিতজন অন্যান্য

৫। হিসাব খোলার উদ্দেশ্য :

৬। গ্রাহকের অন্য কোন ব্যাংকে পরিচালিত হিসাব আছে কি (টিক দিন)? হ্যাঁ না

(উত্তর হ্যাঁ হলে নিম্নরূপে বিবৃত করুন)

| <u>ব্যাংক ও শাখার নাম</u> | <u>পরিচালনাকৃত হিসাবের প্রকৃতি (টিক চিহ্ন দিন)</u> | |
|---------------------------|--|-----------------------------------|
| (ক) | <input type="checkbox"/> জমা হিসাব | <input type="checkbox"/> ঋণ হিসাব |
| (খ) | <input type="checkbox"/> জমা হিসাব | <input type="checkbox"/> ঋণ হিসাব |
| (গ) | <input type="checkbox"/> জমা হিসাব | <input type="checkbox"/> ঋণ হিসাব |
| (ঘ) | <input type="checkbox"/> জমা হিসাব | <input type="checkbox"/> ঋণ হিসাব |
| (ঙ) | <input type="checkbox"/> জমা হিসাব | <input type="checkbox"/> ঋণ হিসাব |

৭। ব্যক্তি সংক্রান্ত তথ্যাবলী : পরিশিষ্ট-১(ক) এ সংযুক্ত ব্যক্তি সংক্রান্ত তথ্যাবলী ফরম পূরণ করতে হবে।

৮। হিসাবধারী নাবালক হলে :

আমি নিম্নবর্ণিত হিসাবধারীর বৈধ অভিভাবক হিসেবে এই মর্মে ঘোষণা করছি যে, হিসাবধারী নাবালক। তার প্রয়োজনীয় তথ্য সংযুক্ত ফরমে প্রদান করা হলো। হিসাবধারী সাবালক না হওয়া পর্যন্ত কিংবা আমার পরবর্তী ঘোষণা না দেয়া পর্যন্ত অভিভাবক হিসেবে হিসাবটি আমার স্বাক্ষরে পরিচালিত হবে।

(অভিভাবক বলতে বাবা অথবা মা অথবা অন্য কোন আইনগত অভিভাবককে বুঝাবে)

(ক) হিসাবধারী (নাবালক) এর নাম :..... জন্ম তারিখঃ

(খ) অভিভাবকের নাম :.....নাবালকের সাথে সম্পর্ক :

অভিভাবকের স্বাক্ষর :.....

(নাবালক এবং অভিভাবক - উভয়ের জন্যই পরিশিষ্ট-১ (ক) এ সংযুক্ত “ব্যক্তি সংক্রান্ত তথ্যাবলী” ফরম পূরণ করতে হবে এবং নাবালক আবেদনকারীর ক্ষেত্রে উভয় ফরমেই আবেদনকারীর স্বাক্ষরের স্থলে অভিভাবক কর্তৃক স্বাক্ষর করতে হবে।)

৯। পরিচয়দানকারীর তথ্যঃ (ব্যাংকে গ্রাহকের অন্য কোন সক্রিয় হিসাব থাকলে প্রয়োজন নেই)

(ক) নাম :.....

(খ) হিসাবের নাম :.....

(গ) হিসাব নং :.....

(ঘ) শাখার নাম :.....

(ঙ) গ্রাহকের সাথে সম্পর্ক :.....

(চ) যোগাযোগ মাধ্যম : ফোন নং :মোবাইল নং :.....

(ছ) স্বাক্ষর (তারিখসহ) :.....

পরিচয়দানকারীর তথ্য প্রত্যায়নকারী সংশ্লিষ্ট ব্যাংক শাখার কর্মকর্তার নাম, সিল ও স্বাক্ষর :.....

১০। নমিনি সংক্রান্ত তথ্যাবলী : পরিশিষ্ট-২ এ সংযুক্ত নমিনি সংক্রান্ত তথ্যাবলী ফরম পূরণ করতে হবে।

..... ব্যাংক / ব্যাংক লিঃ
..... শাখা
হিসাব খোলার ফরম : ব্যক্তি সংক্রান্ত তথ্যাবলী

ব্যক্তির
আলোকচিত্র

(এই ফরমটি পূরণপূর্বক ব্যক্তিক ও অ-ব্যক্তিক হিসাব খোলার আবেদনের মূল অংশের সাথে সংযুক্ত করতে হবে।)

তারিখঃ.....

হিসাব নম্বরঃ
ইউনিক কাস্টমার আইডি কোডঃ
(ব্যাংকের ব্যবহারের জন্য)

১. হিসাবের নাম :

২. গ্রাহক/ বেনিফিসিয়াল ওনার/ হিসাব পরিচালনাকারীর নাম :

৩. হিসাবের সাথে সম্পর্ক (নীচে প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন) :

- ১ম আবেদনকারী ২য় আবেদনকারী ৩য় আবেদনকারী পরিচালক অংশীদার একক স্বত্বাধিকারী
 হিসাবধারী নাবালক অভিভাবক এটর্নি হোল্ডার হিসাব পরিচালনাকারী ট্রাস্টি
 বেনিফিসিয়াল ওনার অন্যান্য

৪. পিতার নাম :

৫. মাতার নাম :

৬. স্বামী/স্ত্রীর নাম :

৭. জাতীয়তা :

(বিদেশী নাগরিক হলে ভিসাসহ পাসপোর্টের কপি আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে)

৮. রেসিডেন্ট স্ট্যাটাস (টিক দিন) : রেসিডেন্ট নন-রেসিডেন্ট

(প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যাংক কর্তৃক গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস্ এর নির্দেশনা অনুসরণ করতে হবে)

৯. জন্ম তারিখ :

১০. জন্মস্থান (দেশসহ) :

১১. লিঙ্গ (টিক দিন) : পুরুষ মহিলা তৃতীয় লিঙ্গ

১২. পেশাঃ (পদবীসহ বিস্তারিত).....

১৩. মাসিক আয় (ব্যক্তিক হিসাবের ক্ষেত্রে) :

(১৩ নং ক্রমিকের ক্ষেত্রে বিস্তারিত উল্লেখপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে ব্যাংকের চাহিদা মোতাবেক দলিলাদি প্রদান করতে হবে)

১৪. পরিচিতিপত্র :

ক) জাতীয় পরিচয়পত্র নম্বর :

খ) পাসপোর্ট নম্বর : মেয়াদ :

গ) জন্ম নিবন্ধন সনদপত্র নম্বর :

ঘ) ইলেকট্রনিক-ট্যাক্স আইডি (E-TIN) নম্বর :

ঙ) ড্রাইভিং লাইসেন্স নম্বর : মেয়াদ :

চ) অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) :

[ক হতে গ নম্বর ক্রমিক বর্ণিত দলিলাদি হতে আবশ্যিকভাবে যে কোন একটি দলিল প্রদান করতে হবে। তবে জন্ম নিবন্ধন সনদ প্রদানপূর্বক হিসাব খোলার ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদপত্রের অতিরিক্ত গ্রাহক/হিসাব পরিচালনাকারীর আলোকচিত্রসহ অন্য যে কোন পরিচিতি পত্র প্রদান করতে হবে। নন-রেসিডেন্ট এবং বিদেশী নাগরিকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ভিসাসহ পাসপোর্টের কপি আবশ্যিকভাবে প্রদান করতে হবে। আলোকচিত্রসহ পরিচিতি পত্র না থাকলে সে বিষয়ে ব্যাংকের সম্মতি সাপেক্ষে তাদের নিকট গ্রহণযোগ্য সমাজের গণ্যমান্য ব্যক্তি' কর্তৃক প্রদত্ত পরিচয়ের প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। উক্ত পরিচিতি পত্র বা প্রত্যয়নপত্র গ্রাহক/হিসাব পরিচালনাকারীর আলোকচিত্রসহ (আলোকচিত্রের উপরের পৃষ্ঠে সত্যায়িতসহ) হতে হবে। এছাড়া, প্রত্যেক ব্যাংক যথাযথভাবে গ্রাহকের পরিচিতির বিষয়ে নিশ্চিত হওয়ার লক্ষ্যে ব্যাংকের সম্মতি সাপেক্ষে উপরের ঘ হতে চ নম্বর ক্রমিক বর্ণিত দলিলাদিসহ অতিরিক্ত আরো কোন দলিলাদি এবং এই ফরমে উল্লিখিত তথ্যাদির অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবে।]

১৫. বর্তমান ঠিকানা (আবাসস্থল) :..... গ্রাহক/হিসাব পরিচালনাকারীর
১৬. স্থায়ী ঠিকানা :..... Proof of address এর সপক্ষে
১৭. পেশাগত ঠিকানা :..... ডকুমেন্টস প্রদান করতে হবে
(কমপক্ষে ১ টি ঠিকানার সপক্ষে)

১৮. যোগাযোগঃ

(ক) ঠিকানাঃ বর্তমান স্থায়ী পেশাগত

(খ) টেলিফোন নম্বর : (১) বাসা (২) অফিস

(গ) মোবাইল নম্বর : (১) (২)

(ঘ) ই-মেইল :..... (ঙ) ফ্যাক্স নম্বর :

১৯. জরুরী প্রয়োজনে যোগাযোগের জন্য মনোনীত ব্যক্তি :

নাম :

ঠিকানা :

হিসাবধারী/হিসাব পরিচালনাকারীর সাথে সম্পর্ক : মোবাইল নম্বর :

ই-মেইল ঠিকানা :

২০. ক্রেডিট কার্ড সংক্রান্ত তথ্য (যদি থাকে) :

ইস্যুকারী প্রতিষ্ঠান/ব্যাংক (একাধিক হলে সকল ব্যাংকের নাম) :

(ক) স্থানীয় (Local Card) :.....

(খ) আন্তর্জাতিক (International Card) :.....

১ গণ্যমান্য ব্যক্তি বলতে সংসদ সদস্য, সিটি কর্পোরেশনের মেয়র, ডেপুটি মেয়র ও কাউন্সিলরগণ, গেজেটেড কর্মকর্তা, পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও পৌর কাউন্সিলরগণ, বেসরকারী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, বেসরকারী কলেজের অধ্যক্ষ, বেসরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, জাতীয় দৈনিক পত্রিকার সম্পাদক, নোটারি পাবলিক এবং আধাসরকারী/স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়ত্ব সংস্থার জাতীয় বেতন স্কেলের ৭ম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণকে বুঝাবে।

আবেদনকারীর স্বাক্ষর ও নাম

(তারিখসহ)

.....
.....
হিসাব খোলার সংশ্লিষ্ট কর্মকর্তার
নামযুক্ত সিলসহ স্বাক্ষর

.....
.....
অনুমোদনকারী কর্মকর্তার (শাখা ব্যবস্থাপক)
নামযুক্ত সিলসহ স্বাক্ষর

..... ব্যাংক / ব্যাংক লিঃ

.....শাখা

হিসাব খোলার ফরম : ব্যক্তি সংক্রান্ত তথ্যাবলী (সরকারী হিসাব)

(এই ফরমটি পূরণপূর্বক সরকারী হিসাব খোলার আবেদনের মূল অংশের সাথে সংযুক্ত করতে হবে।)

পরিশিষ্ট-১ (খ)

ব্যক্তির
আলোকচিত্র

তারিখঃ.....

হিসাব নম্বরঃ
ইউনিক কাস্টমার আইডি কোডঃ
(ব্যাংকের ব্যবহারের জন্য)

১. হিসাবের নাম :

২. হিসাব পরিচালনাকারীর নাম :

৩. হিসাবের সাথে সম্পর্ক (নীচে প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন) :

প্রধান নির্বাহী কর্মকর্তা এটর্নি হোল্ডার হিসাব পরিচালনাকারী অন্যান্যঃ (সুনির্দিষ্টভাবে উল্লেখ করুন).....

৪. পিতার নাম :

৫. মাতার নাম :

৬. স্বামী/স্ত্রী এর নাম :

৭. জাতীয়তা :

(বিদেশী নাগরিক হলে ভিসাসহ পাসপোর্টের কপি আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে)

৮. জন্ম তারিখ :

৯. জন্মস্থান (দেশসহ) :

১০. লিঙ্গ (টিক দিন) : পুরুষ মহিলা তৃতীয় লিঙ্গ

১১. পেশা ও পদমর্যাদা (বিস্তারিত উল্লেখপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে ব্যাংকের চাহিদা মোতাবেক দলিলাদি প্রদান করতে হবে) :

১২. পরিচিতিপত্র :

ক) জাতীয় পরিচয়পত্র নম্বর :

খ) পাসপোর্ট নম্বর : মেয়াদ :

গ) অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) :

(ক এবং খ নম্বর ক্রমিক বর্ধিত দলিলাদি হতে আবশ্যিকভাবে যে কোন একটি দলিল প্রদান করতে হবে। নন-রেসিডেন্ট এবং বিদেশী নাগরিকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ভিসাসহ পাসপোর্টের কপি আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে।)

১৩. বর্তমান ঠিকানা (আবাসস্থল) :

১৪. স্থায়ী ঠিকানা :

১৫. পেশাগত ঠিকানা :

গ্রাহক/হিসাব পরিচালনাকারীর
Proof of address এর সপক্ষে
ডকুমেন্টস প্রদান করতে হবে
(কমপক্ষে ১ টি ঠিকানার সপক্ষে)

১৬. যোগাযোগঃ

(ক) ঠিকানাঃ বর্তমান স্থায়ী পেশাগত

(খ) টেলিফোন নম্বর : (১) বাসা (২) অফিস

(গ) মোবাইল নম্বর : (১) (২)

(ঘ) ই-মেইল : (ঙ) ফ্যাক্স নম্বর :

১৭. জরুরী প্রয়োজনে যোগাযোগের জন্য অফিস কর্তৃক মনোনীত বিকল্প কর্মকর্তার তথ্যাবলী :

নাম :

পদবী :

অফিসের ঠিকানা :

মোবাইল নম্বর : ই-মেইল ঠিকানা :

হিসাব পরিচালনাকারীর স্বাক্ষর ও নাম (তারিখসহ)

.....
.....
হিসাব খোলার সংশ্লিষ্ট কর্মকর্তার
নামযুক্ত সিলসহ স্বাক্ষর ও তারিখ

.....
.....
অনুমোদনকারী কর্মকর্তার (শাখা ব্যবস্থাপক)
নামযুক্ত সিলসহ স্বাক্ষর ও তারিখ

..... ব্যাংক / ব্যাংক লিঃ
 শাখা
হিসাব খোলার ফরম : নমিনি সংক্রান্ত তথ্যাবলী
 (শুধুমাত্র ব্যক্তিক হিসাবের ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং একের অধিক নমিনি হলে
 একাধিক নমিনি ফরম পূরণ করতে হবে।)

নমিনির
 আলোকচিত্র
 (গ্রাহক কর্তৃক
 সত্যায়িত)
 (স্ট্যাম্প করা)

হিসাব নম্বরঃ
 ইউনিক কাস্টমার আইডি কোডঃ
 (ব্যাংকের ব্যবহারের জন্য)

আমি/আমরা এ হিসাবের অর্থ আমার/আমাদের মৃত্যুর পর নিম্নোক্তভাবে নিম্নে বর্ণিত ব্যক্তি/ব্যক্তিগণকে প্রদানের
 জন্য মনোনীত করলাম। আমি/আমরা উল্লিখিত মনোনয়ন যে কোন সময় বাতিল বা পরিবর্তনের অধিকার সংরক্ষণ করি।
 আমি/আমরা এই মর্মে আরো সম্মতি জ্ঞাপন করছি যে, আমার/আমাদের নির্দেশনা মোতাবেক ব্যাংক অর্থ প্রদান করবে
 এবং এজন্য ব্যাংক কোনোভাবে দায়বদ্ধ হবেনা।

১. হিসাবের নাম :
২. হিসাব নম্বর :
৩. নমিনির নাম :
৪. পিতার নাম :
৫. মাতার নাম :
৬. স্বামী/স্ত্রীর নাম :
৭. জন্ম তারিখ :
৮. বর্তমান ঠিকানা :
৯. স্থায়ী ঠিকানা :
১০. পেশা :

১১. নমিনির পরিচিতিপত্র :

- ক) জাতীয় পরিচয়পত্র নম্বর :
- খ) পাসপোর্ট নম্বর : মেয়াদ :
- গ) জন্ম নিবন্ধন সনদপত্র নম্বর :
- ঘ) ইলেকট্রনিক-ট্যাক্স আইডি (E-TIN) নম্বর :
- ঙ) ড্রাইভিং লাইসেন্স নম্বর : মেয়াদ :
- চ) অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) :

[ক হতে গ নম্বর ক্রমিক বর্ণিত দলিলাদি হতে আবশ্যিকভাবে যে কোন একটি দলিল প্রদান করতে হবে। তবে জন্ম নিবন্ধন সনদ
 প্রদানের ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদপত্রের অতিরিক্ত নমিনির আলোকচিত্রসহ অন্য যে কোন পরিচিতি পত্র প্রদান করতে হবে। নন-
 রেসিডেন্ট এবং বিদেশী নাগরিকদের ক্ষেত্রে পাসপোর্টের কপি আবশ্যিকভাবে প্রদান করতে হবে। আলোকচিত্রসহ পরিচিতি পত্র না

থাকলে সে বিষয়ে ব্যাংকের সম্ভ্রুতি সাপেক্ষে তাদের নিকট গ্রহণযোগ্য সমাজের গণ্যমান্য ব্যক্তি^১ কর্তৃক প্রদত্ত পরিচয়ের প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। উক্ত পরিচিতি পত্র বা প্রত্যয়নপত্র গ্রাহক/হিসাব পরিচালনাকারীর আলোকচিত্রসহ (আলোকচিত্রের উপরের পৃষ্ঠে সত্যায়িতসহ) হতে হবে। এছাড়া, প্রত্যেক ব্যাংক যথাযথভাবে গ্রাহকের পরিচিতির বিষয়ে নিশ্চিত হওয়ার লক্ষ্যে ব্যাংকের সম্ভ্রুতি সাপেক্ষে উপরের ঘ হতে চ নম্বর ক্রমিকে বর্ণিত দলিলাদিসহ অতিরিক্ত আরো কোন দলিলাদি এবং এই ফরমে উল্লিখিত তথ্যাদির অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবে।

১২. হিসাবধারীর সাথে সম্পর্ক :
১৩. শতকরা হার :
১৪. নমিনি নাবালক হলে তার/তাদের নাবালক থাকা অবস্থায় হিসাবধারী/হিসাবধারীগণের মৃত্যুর ক্ষেত্রে ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ১০৩ (২) ধারা অনুযায়ী আমানতের টাকা গ্রহণকারীর তথ্য :
- ক) নাম :
- খ) পিতা/ স্বামী এর নাম :
- গ) জন্ম তারিখ :
- ঘ) বর্তমান ঠিকানা :
- ঙ) স্থায়ী ঠিকানা :
- ঝ) ক্রমিক ১১ অনুসারে বৈধ অভিভাবকের পরিচিতিপত্র সংক্রান্ত তথ্য :
-
-
- ঞ) নমিনির সাথে সম্পর্ক :

(কোন অনিবাসীকে নমিনি করা হলে এবং ঐ অনিবাসী সংশ্লিষ্ট হিসাবের অর্থ প্রাপ্ত হলে প্রাপ্ত অর্থ বিদেশে প্রেরণের ক্ষেত্রে বিদ্যমান বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের বিধি বিধান প্রযোজ্য হবে।)

.....

নমিনির স্বাক্ষর ও তারিখ (ঐচ্ছিক)

.....

১ম আবেদনকারীর স্বাক্ষর, নাম ও তারিখ

.....

২য় আবেদনকারীর স্বাক্ষর, নাম ও তারিখ

.....

গ্রাহকের স্বাক্ষর যাচাইকারী ব্যাংক কর্মকর্তার নামযুক্ত সিলসহ স্বাক্ষর

১ গণ্যমান্য ব্যক্তি বলতে সংসদ সদস্য, সিটি কর্পোরেশনের মেয়র, ডেপুটি মেয়র ও কাউন্সিলরগণ, গেজেটেড কর্মকর্তা, পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও পৌর কাউন্সিলরগণ, বেসরকারী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, বেসরকারী কলেজের অধ্যক্ষ, বেসরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, জাতীয় দৈনিক পত্রিকার সম্পাদক, নোটারি পাবলিক এবং আধাসরকারী/স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়ত্ব সংস্থার জাতীয় বেতন স্কেলের ৭ম বা তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণকে বুঝাবে।

..... ব্যাংক / ব্যাংক লিঃ
.....শাখা

হিসাব খোলার ফরম : সম্ভাব্য লেনদেনের অনুমিত মাত্রা (Transaction Profile)

ব্যক্তিক ও অব্যক্তিক হিসাব

হিসাব নম্বরঃ
ইউনিক কাস্টমার আইডি কোডঃ
(ব্যাংকের ব্যবহারের জন্য)

| |
|--|
| ১. হিসাবের নাম : |
| ২. মাসিক সম্ভাব্য আয়ঃ |
| ৩. মাসিক সম্ভাব্য টার্নওভার (প্রতিষ্ঠানের ক্ষেত্রে)ঃ |

| বিবরণ | মাসিক সম্ভাব্য জমার সংখ্যা | মাসিক সম্ভাব্য মোট জমার পরিমাণ | একক সর্বোচ্চ জমার পরিমাণ |
|---|-------------------------------|-------------------------------------|-------------------------------|
| জমাঃ নগদ (অনলাইন ও এটিএমসহ) ট্রান্সফার/ ইন্সট্রুমেন্ট এর মাধ্যমে ফরেন ইনওয়ার্ড রেমিট্যান্স রপ্তানি বাবদ প্রাপ্ত BO (পুঁজি বাজার) হিসাব হতে জমা/স্থানান্তর অন্যান্য (নির্দিষ্টভাবে)..... | | | |
| সর্বমোটঃ | | | |
| বিবরণ | মাসিক সম্ভাব্য উত্তোলন সংখ্যা | মাসিক সম্ভাব্য মোট উত্তোলনের পরিমাণ | একক সর্বোচ্চ উত্তোলনের পরিমাণ |
| উত্তোলনঃ নগদ (অনলাইন ও এটিএমসহ) ট্রান্সফার/ইন্সট্রুমেন্ট এর মাধ্যমে পরিশোধ ফরেন আউটওয়ার্ড রেমিট্যান্স আমদানি বাবদ পরিশোধ BO (পুঁজি বাজার) হিসাবে জমা/স্থানান্তর অন্যান্য (নির্দিষ্টভাবে)..... | | | |
| সর্বমোটঃ | | | |

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী (গণ) এ মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, সম্ভাব্য লেনদেনের অনুমিত মাত্রা আমার/প্রতিষ্ঠানের স্বাভাবিক প্রকৃত লেনদেন। আমি/আমরা আরো নিশ্চয়তা প্রদান করছি যে, প্রয়োজনবোধে আমি/আমরা সম্ভাব্য লেনদেনের অনুমিত মাত্রা সংশোধন/হালনাগাদ করব।

১। গ্রাহক/হিসাব পরিচালনাকারী
স্বাক্ষর :
নাম :
তারিখ :

২। গ্রাহক/হিসাব পরিচালনাকারী
স্বাক্ষর :
নাম :
তারিখ :

ব্যাংকের ব্যবহারের জন্য

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউটের নির্দেশনা মোতাবেক গ্রাহকের সম্ভাব্য লেনদেনের অনুমিত মাত্রা (Transaction Profile) পর্যালোচনা করা হলো।

গ্রাহকের সম্ভাব্য লেনদেনের অনুমিত মাত্রা (Transaction Profile) পরিবর্তন করা/ না করার কারণঃ

.....
প্রত্যয়নকারী ব্যাংক কর্মকর্তার নামযুক্ত সিলসহ স্বাক্ষর ও তারিখ

.....ব্যাংক/ ব্যাংক লিঃ
.....শাখা
গ্রাহক পরিচিতি সম্পর্কিত ফর্ম (KYC Profile Form)
(বিশেষ স্কিম/স্থায়ী আমানতের ক্ষেত্রে প্রযোজ্য)

হিসাব নম্বরঃ
ইউনিক কাস্টমার আইডি কোডঃ

১. হিসাবের নাম :
২. হিসাবের প্রকৃতি :
৩. গ্রাহকের পেশা (বিস্তারিত) :
৪. গ্রাহকের মাসিক সম্ভাব্য আয় :
৫. অর্থের উৎস/উৎসসমূহ (বিস্তারিত) :
৬. অর্থের উৎস নিশ্চিত করার ক্ষেত্রে যেসব দলিলাদি সংগ্রহ করা হয়েছে :

১।

২।

৩।

সংগৃহীত দলিলাদি যাচাই করা হয়েছে কি না : হ্যাঁ না

৭. হিসাবধারীর ঠিকানা কিভাবে যাচাই করা হয়েছে (বিস্তারিত)?

৮. হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) নির্ধারণ করা হয়েছে কি-নাঃ

হ্যাঁ না

উত্তর হ্যাঁ হলে প্রত্যেক প্রকৃত সুবিধাভোগী সম্পর্কিত তথ্যাদি পরিশিষ্ট-১(ক) মোতাবেক সংগ্রহ করতে হবে :

(কোম্পানির ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী শেয়ার হোল্ডার অথবা ২০% বা তদুর্ধ্ব একক শেয়ার হোল্ডারকে হিসাবের প্রকৃত সুবিধাভোগী বিবেচনায় তার/তাদের পরিচিতির তথ্য পরিশিষ্ট-১(ক) মোতাবেক সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে। ব্যক্তিক হিসাবের ক্ষেত্রেও প্রকৃত সুবিধাভোগী চিহ্নিতকরতঃ কেওয়াইসি সম্পাদন করতে হবে)

৯. পরিচিতিপত্র :

| | কপি গৃহীত | যাচাইকৃত [টিক (V) দিন] |
|--|--------------------------|--|
| ক) পাসপোর্ট নম্বর : | <input type="checkbox"/> | <input type="checkbox"/> (প্রযোজ্য ক্ষেত্রে) |
| খ) জাতীয় পরিচয়পত্র নম্বর : | <input type="checkbox"/> | <input type="checkbox"/> (প্রযোজ্য ক্ষেত্রে) |
| গ) জন্ম নিবন্ধন সনদপত্র নম্বর : | <input type="checkbox"/> | <input type="checkbox"/> (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ঘ) ইলেকট্রনিক-ট্যাক্স আইডি (E-TIN) নম্বর : | <input type="checkbox"/> | <input type="checkbox"/> (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ঙ) ভ্যাট রেজিঃ নম্বর : | <input type="checkbox"/> | <input type="checkbox"/> (প্রযোজ্য ক্ষেত্রে) |
| চ) প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর : | <input type="checkbox"/> | <input type="checkbox"/> (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ছ) ড্রাইভিং লাইসেন্স নম্বর : | <input type="checkbox"/> | <input type="checkbox"/> (প্রযোজ্য ক্ষেত্রে) |
| জ) অন্যান্য : | | |

১০. অনিবাসী (Non-resident) এবং বিদেশীদের ক্ষেত্রে হিসাব খোলার উদ্দেশ্যঃ

.....

